

— 2 —

২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
পূর্ব অনুমোদিত দরের কপি।
আলোচ্য কাজের প্রাক্কলন।

০১। ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র” ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিপ্লব পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। ডিএনডি খাল দুই পার্শ্বের সীমানা প্রাচীর দিয়ে ঘেরা ছিল কিন্তু বর্তমানে সড়ক ও জনপথ অধিদপ্তর খালের রোড সাইডের দেয়াল ভেঙ্গে ঢাকা-সিলেট ০৬ লেনের মহাসড়ক নির্মাণ করছে এবং কান্ট্রি সাইডের দেয়ালের উচ্চতা কম হওয়ায় এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পঁচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অব্যবহৃত অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। ফলে উক্ত ময়লা আবর্জনা পঁচে পানি দূষিত করে এবং পানির স্ক্রিজেনের মাত্রাও হ্রাস করে। পানিতে দ্রবীভূত অক্সিজেনের মাত্রাবৃদ্ধির জন্য এরোটর জোঁন স্থাপন এবং কলাবতি চাষ করা হয়। ডিএনডি খালের দুই পাশে গড়ে উঠা শিল্প-কারখানার প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে। কিন্তু ময়লা-আবর্জনা যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট ইত্যাদি অপচনশীল বর্জ্য অনবরত পানির স্রোতের সাথে আসতে থাকে এবং এরোটরের ইম্পেলারে আটকে যায়। ফলে মোটর অতিরিক্ত গরম হয়ে বন্ধ হয়ে যায় এবং Pre-nitrification প্রক্রিয়াটি বাধাগ্রস্ত হয় বিধায় ডিএনডি খালের তিনটি এরোটর জোঁনের জোঁন- ১, ২ এবং ৪ এর সামনে “ভি” আকৃতির বাঁশ ও নেট স্থাপন করা হয়েছে। এছাড়া মৃদাবাড়ীর টুইন বক্স কালভার্ট এর সামনে ২ (দুই) টি ম্যানুয়াল স্ক্রীন বিদ্যমান। উক্ত স্ক্রীনের সামনে নেট ও বাঁশের ফেলিং রয়েছে। ডিএনডি খালের পানির সাথে বিভিন্ন ভাসমান ময়লা-আবর্জনা নেট ও ম্যানুয়াল স্ক্রীনে আটকে যায় এবং পানির স্বাভাবিক প্রবাহে বিঘ্ন ঘটায়। কাজেই একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর আটকে যাওয়া ময়লা-আবর্জনা ডুবুরি দিয়ে পরিষ্কার করা গেলে খালের মধ্যে পানির প্রবাহ ও গুণগত মান ভাল হবে। ম্যানুয়াল স্ক্রীন এর সামনে ব্যবহৃত বাঁশ ও নেট পঁচে যাওয়ার কারণে বাঁশ ও নেট অংশবিশেষ পরিবর্তন করা প্রয়োজন।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement of Works/Goods হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৩৯ এবং প্যাকেজ নং- EU1 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান A.F.L Enterprise কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হ'ল।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে A.F.L Enterprise এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের
অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএলএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।

03.06.26

Raif
03-06-26

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়দাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশ।

$SE(WSTA) / CE / DMD (osm)$

XEN (Paint.)

ଓଡ଼ିଆ ଗୀତାବଳୀ

১৪/০৫/২০২৬

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অসহায়)
ঢাকা শ্রমসীমা।